

পাকিস্তানের ঝিলামে আহমদী মুসলিমদের উপর উচ্ছৃঙ্খল জনতার হামলা
আহমদী মুসলিমদের মালিকানাধীন চিপবোর্ড কারখানা এবং আবাসিক এলাকায় হাজারো লোকের
জমায়েত



গত শুক্রবার পাকিস্তানের ঝিলামে একটি চিপবোর্ড কারখানায় হাজারো লোকের উচ্ছৃঙ্খল জনতা আহমদী মুসলিমদের হত্যার চেষ্টা চালায়।

এই সহিংসতা পরে নিকটবর্তী শহর *কালা গোজরান* পর্যন্ত পৌঁছে যায়, যেখানে দাঙ্গাবাজদের আরেকটি দল শনিবার আহমদীয়া মসজিদ *বায়তুল যিকরে* লুটপাট চালায়।

<https://youtu.be/-Lg4MrQyLsI>

দাঙ্গা শুরু হয় যখন একজন স্থানীয় লোক আহমদীয়া মুসলিম জামাতের উপর কুরআন অবমাননার মিথ্যা आरोপ লাগায়।

উচ্ছৃঙ্খল জনতা দ্রুতই আহমদী মুসলিমদের মালিকানাধীন চিপবোর্ড কারখানায় জমায়েত হয় এবং পাথর ছুঁড়তে শুরু করে, এরপর আহমদীরা ভিতরে বন্দী থাকা অবস্থায় কারখানাটিতে আগুন ধরিয়ে দেয়।

পুলিশ আহমদীদের পালাতে সাহায্য করে কিন্তু তার আগেই উচ্ছৃঙ্খল জনতা আহমদী পরিবারগুলোর নিকটবর্তী বাড়িঘরে হামলা চালায়।

আহমদীয়া মুসলিম জামাত পাকিস্তানে দশকের পর দশক ধরে মারাত্মক নির্যাতন সহ্য করে আসছে। গত বছর এরকম এক ঘটনায় *গুজরানওয়ালে*তে একজন বয়স্ক মহিলা এবং দুজন শিশুকে হত্যা করা হয়।

ঝিলামের আহমদীরা পূর্বেও অনেকবার হুমকি পেয়েছে।